দৈনিক ইত্তেফাক

তারিখ 03 NOV 1995
পৃষ্ঠা ১২ কলাম ৫

271

# নেতা-নেত্রীরা আন্তরিক হইলেই বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস বন্ধ হইবে

..................ভিসি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৭৫ বছর ও ঢাকা ইউনিভার্সিটি এলামনাই এসোসিয়েশনের ৫০ বছর পূর্তি উপলক্ষে গতকাল (বৃহস্পতিবার) টিএসসি মিলনায়তনে আয়োজিত এক আলোচনা সভায় ভিসি প্রফেসর এমাজ উদ্দিন আহমদ বলিয়াছেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে মাত্র ৪ ডজন সন্ত্রাসী রহিয়াছে। সরকার ও বিরোধীদল ভাল করিয়া জানে এই সন্ত্রাসী কাহারা। দলীয় নেতা-নেত্রীরা আন্তরিক হইলেই সন্ত্রাস বন্ধ হইয়া যাইবে। ভিসি বলেন, সন্ত্রাস দমনের উপর শিক্ষকদের পিএইচডি ডিগ্রী অথবা কোনরূপ অভিজ্ঞতা নাই। এলামনাই এসোসিয়েশনের সভাপতি জাতীয় অধ্যাপক ইন্নাস আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তৃতা করেন প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকী, ডঃ আনিসুজ্জামান, প্রফেসর আমিনুল ইসলাম, মুনতাসির মামুন, এম, হারুননুর রশীদ, আখতার ইমাম, মাহফুজ উল্লাহ, নূরুল ইসলাম প্রমুখ। ভিসি বলেন, '৭৩-এর বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ অনুযায়ী শিক্ষকদের রাজনীতি করার অধিকার রহিয়াছে। সুতরাং কেহ বঙ্গবন্ধু পরিষদ করিলে জিয়া পরিষদ সমর্থন করা দোষের হয় কি করিয়া সভায় চাঁকা "বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য ও উত্তরাধিকার" শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রফেসর ডঃ মমতাজুর রহমান তরফদার।